# মশলা রপ্তানি ব্যবস্থার উন্নতিসাধন ও বিকাশ –

## "বিদেশে ভারতীয় মশলার বিভিন্ন ব্র্যান্ডের প্রোমোশন (প্রচার)"

### নির্দেশিকা / কর্মপদ্ধতি

নিজস্ব ব্র্যান্ড চালু করা/প্রোমোশন অথবা বর্তমানে চালু ব্যান্ডগুলি প্রচারের মাধ্যমে উন্নত দেশগুলির বাজারে প্রবেশ করতে রপ্তানিকারকদের সহায়তা করা। এই কর্ম-পরিকল্পনার উদ্দেশ্য হল, উন্নত দেশগুলিতে এবং মধ্য প্রাচ্যে বসবাসকারী জাতিনির্বিশেষে সকল ভারতীয় ছাড়াও সমগ্র বিশ্ববাসীর ব্যবহারের জন্য ভারতীয় মশলার ব্র্যান্ডগুলিকে বিদেশের বাজারে এক নতুন, অভিজাত ও সমৃদ্ধ পরিমণ্ডলে তুলে ধরা। এই কর্ম-পরিকল্পনার অধীনে দু'ধরনের কাজ করা হয়ে থাকে, যেমন (১) প্রোডাক্ট অ্যান্ড প্যাকেজিং ডেভেলপমেন্ট (পণ্যের গুণগত মান ও মোড়কের উন্নতিসাধন) এবং বার কোডিং; (২) ব্র্যান্ড প্রোমোশন (ব্র্যান্ডের প্রচার)।

### ১. পণ্যের গুণগত মান ও মোড়কের উন্নতিসাধন এবং বার কোডিং

চিহ্নিত পণ্যসমূহ ও সেগুলি আকর্ষণীয় করে তুলতে ব্যয়সাপেক্ষ প্যাকিং সমৃদ্ধ ব্র্যান্ডের কার্যকর প্রচার কর্মসূচীতে সহায়তা করা হয়। এ-ধরনের কার্যাবলীতে, অনুসরণসাধ্যতার বিবরণ ও বার কোডিং সমেত টার্গেট মার্কেটে (ভবিষ্যত বাজারে) কার্যকরভাবে অন্যান্য বিধিবদ্ধ প্রয়োজনীয়তা অনুসারে পণ্য ও মোড়কের যথাযথ মানোন্নয়নে সহায়তা করা হবে। একইভাবে, মশলার বিভিন্নরকম মূল্যায়ন/প্রয়োগের মাধ্যমে পণ্যের মানোন্নয়নে রপ্তানিকারকদের বোর্ড সহায়তা প্রদান করে থাকে।

এছাড়াও, বাজার দখল করতে বর্তমান বিদেশী ব্র্যান্ডগুলি যথাযথ মূল্যে কিনে নেওয়া এবং এইসব ব্র্যান্ডগুলির মাধ্যমে ভারতীয় পণ্যের সম্ভার আরও বিস্তৃত করতেও, বোর্ড রপ্তানিকারকদের সহায়তা প্রদান করবে।

### ২. ব্র্যান্ড প্রোমোশন (ব্র্যান্ডের প্রচার)

এই কার্যাবলীতে, আর্থিক সহায়তার জন্য, বাছাই করা শহরগুলির চিহ্নিত আউটলেটগুলিতে (বা নির্গমন কেন্দ্রগুলিতে) নির্দিষ্ট ব্র্যান্ডগুলির পজিশনিং (বা যথাযথ অবস্থান) তথা মিডিয়ার মাধ্যমে প্রচার, বিদেশে আয়োজিত আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণের মাধ্যমে ব্র্যান্ডের সুস্পষ্ট ছবি উপস্থাপন করতে প্রয়োজনীয় গঠনমুলক কার্যাবলী বিবেচনা করা হয়ে থাকে। বোর্ড এইসব ব্র্যান্ডেড পণ্যগুলির যথাযথ প্রচারের জন্য প্রয়োজনীয় বাজার যাচাই এবং উচ্চমানের বিপণন কৌশলের প্রয়োগ করবেন।

## যোগ্যতাবলী

বোর্ডের কাছে তাঁদের ব্র্যান্ডগুলি রেজিস্টার (বা নিবন্ধভুক্ত) করেছেন এরূপ সকল পঞ্জীকৃত রপ্তানিকারক, স্পাইস হাউস সার্টিফিকেট (SHC)/লোগো আছে এরূপ ব্যক্তিবিশেষ এবং অর্গানিক সার্টিফিকেশন (বা জৈব উৎপাদন সম্পর্কিত শংসাপত্র) আছে এরূপ ব্যক্তিবর্গ, এই কর্ম-পরিকল্পনার অধীনে সুবিধা পাওয়ার জন্য যোগ্য বিবেচিত হবেন। স্পাইসেস বোর্ড দ্বারা গঠিত এক বিশেষজ্ঞ কমিটি প্রস্তাবগুলির মূল্যায়ন এবং অনুমোদন করবেন।

রপ্তানিকারকদের প্রাপ্তব্য বিবেচ্য এই সুবিধার অন্তর্ভুক্ত থাকবে ২৫ কেজি পর্যন্ত ব্যবসায়িক প্যাকে রপ্তানিযোগ্য সবরকম মশলা; এবং ৫ কেজির গ্রাহক প্যাকে কারি পাউডার ও মিশ্রিত গুঁড়ো মশলা সমেত সব ধরনের রপ্তানিযোগ্য মশলা।

## সহায়তার মাত্রা

পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদকালীন সময়ে, প্রতি ব্র্যান্ডে সর্বোচ্চ ২.৫০ কোটি টাকা অনুমোদন সাপেক্ষে, পণ্যের মানোন্নয়নের ব্যয়ে ৫০% ও স্লটিং/লিস্টিং ফি ও প্রচারমূলক কার্যাবলীর জন্য ১০০% পর্যন্ত সুদ-মুক্ত ঋণ অনুমোদন করা হবে। প্রত্যেক রপ্তানিকারককে (১) পণ্য ও মোড়কের মানোন্নয়ন এবং বার কোডিং, (২) ব্র্যান্ডের প্রচারের কাজে সরাসরি ব্র্যান্ড কিনে নেওয়ার জন্য ৫.০০ কোটি টাকা অনুমোদন করা হবে। রপ্তানিকারকের ব্র্যান্ড প্রোমোশন ও অন্যান্য সম্পর্কিত প্রচারমূলক কাজের পুরোটাই বিদেশী মুদ্রার মাধ্যমে করার প্রয়োজন হবে। ব্র্যান্ডের প্রচারকাজে প্রথম তিন বছরের জন্য এই সহায়তা সীমাবদ্ধ থাকবে।

## চালনার ধরন

বাজার যাচাইয়ের ভিত্তিতে, একটি যথাযথ বিপণন কৌশল উদ্ভাবন করা হবে এবং বোর্ডের সঙ্গে পরামর্শক্রমে রপ্তানিকারক তা বাস্তবে রূপায়ণ করবেন। বাজার যাচাই এবং পর্যাপ্ত সক্ষমতার ভিত্তিতে এই কর্ম-পরিকল্পনায় অংশগ্রহণ করতে ইচ্ছুক সম্ভাব্য রপ্তানিকারককে/দের চিহ্নিত করা হবে।

ঋণ অনুমোদন করার পর, বোর্ড দ্বারা অনুমোদিত কর্মসূচী অনুসারে এবং নির্ধারিত উপায়ে ব্র্যান্ডের প্রচারকাজের জন্য রপ্তানিকারকের অনুমিত বার্ষিক ব্যয় পূরণে, বোর্ড রপ্তানিকারকদের প্রয়োজনীয় ফান্ড (বা তহবিল)-এর ব্যবস্থা করবেন।

ঋণের সুবিধাপ্রাপ্ত রপ্তানিকারককে বোর্ডের কাছে ষাণ্মাসিক (ছয় মাসের) প্রগ্রেস রিপোর্ট (বা অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন) জমা দিতে হবে। এ-উদ্দেশে বোর্ড দ্বারা গঠিত কমিটি তা পর্যালোচনা করবেন।

আবেদনকারী-রপ্তানিকারককে তহবিল প্রাপ্তির তারিখের ৪র্থ বছর থেকে শুরু করে ৮ম বছরের মধ্যে সমান বার্ষিক কিস্তিতে ঋণ পরিশোধ করতে হবে।

স্পাইসেস বোর্ড কর্ম-পরিকল্পনার যথাযথ বাস্তবায়নের অগ্রগতি, ব্যয়, রপ্তানির উন্নতি ইত্যাদি বিষয় পর্যায়ক্রমিকভাবে পর্যালোচনা করবেন; এবং পুনরায় সহায়তা করা হবে কিনা তা মূলত নিম্নলিখিত কয়েকটি বিষয়ের ওপর নির্ভর করবে ঃ

১) বাজারে ব্র্যান্ডের গ্রাহ্যতার জন্য গুণগত বিশ্লেষণ;

২) বাজারে ব্র্যান্ডের স্থায়িত্ব ও পরিধি;

৩) ব্র্যান্ডের বৃদ্ধি ও উপযুক্ততা;

৪) প্রকৃত অর্থে রপ্তানির বাস্তবিক উন্নতি।

পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদে সর্বাধিক ৫টি দেশে প্রদত্ত ব্র্যান্ডের প্রচারের জন্য একজন রপ্তানিকারক এই কর্ম-পরিকল্পনার অধীনে সহায়তা পাবেন।

তৃতীয় বছরের শেষে, সম্প্রসারিত সময়ের জন্য, যদি প্রয়োজন হয়, পুনরায় সহায়তা প্রদান করার প্রয়োজনীয়তা আছে কিনা নির্ধারণ করতে বোর্ড বিশদ পর্যালোচনা করবেন।

**প্রস্তাব জমা**

এই সহায়তা নিতে ইচ্ছুক রপ্তানিকারকদের, বাজারে প্রচারের কাজে গ্রহণযোগ্য পদক্ষেপের বিবরণ ও পৃথকভাবে প্রতিটি বিভাগে ব্যয়ের ভগ্নাংশ সম্বলিত বিশদে বর্ণিত প্রস্তাবের কপি সমেত নির্ধারিত বয়ানে আবেদন করতে হবে।

শর্তাবলী ঃ

ক) প্রতি বছরের শুরুতে তিনটি সমান কিস্তিতে কর্মসূচীর জন্য মোট অনুমোদিত পরিমাণের আর্থিক সহায়তা প্রদান করা হবে।

খ) ঋণ প্রদানের আগে, আবেদনকারীকে অনুমোদিত ঋণের সমপরিমাণের জন্য স্ট্যাম্প পেপারে নির্ধারিত বয়ানে ব্যাঙ্ক গ্যারান্টি দিতে হবে। এই গ্যারান্টি পরিসমাপ্তির যথেষ্ট সময় আগে নবীকরণ করতে হবে। পুনরায় ঋণের কিস্তি অনুমোদন/প্রদান করা হলে প্রয়োজনমতো সামঞ্জস্য রেখে এই গ্যারান্টির পরিমাণও বৃদ্ধি করতে হবে এবং স্ট্যাম্প পেপারে সংশোধিত চুক্তি সম্পাদন করে বোর্ডের কাছে দাখিল করতে হবে।

গ) প্রতি ছয় মাসের শেষে, ঋণগ্রহীতাকে প্রচারকাজের অগ্রগতি সম্পর্কে প্রতিবেদন ও গৃহীত কার্যাবলীর বিশদ প্রতিবেদন জমা করতে হবে এবং প্রতি বছরের শেষে প্রাপ্ত ঋণ সম্পূর্ণ কাজে লাগানো হয়েছে এই মর্মে একটি এক্সপেন্ডিচার স্টেটমেন্ট (ব্যয় সংক্রান্ত বিবৃতি) দাখিল করতে হবে।

ঘ) ব্যয়িত অর্থের সমর্থনে প্রামাণ্য সহায়ক নথিপত্র দাখিল করতে হবে।

ঙ) ঋণের ১ম কিস্তি তুলে নেওয়ার দিন থেকে ৮ বছর সময়সীমার মেয়াদে প্রাপ্ত ঋণের ৫ গুণ পরিমাণ বাধ্যতামূলকভাবে রপ্তানি করতে হবে।

চ) ঋণের অর্থের অপচয় হলে, সেক্ষেত্রে রপ্তানিকারককে তৎক্ষণাৎ ব্যাঙ্কের প্রচলিত হারে সুদ ও ২% অতিরিক্ত পর্যায়ক্রমিক সুদে ঋণের সম্পূর্ণ পরিমাণ বোর্ডকে ফেরত দিতে হবে।

ছ) পরিশোধ করতে ব্যর্থ হলে, ঋণগ্রহীতার সম্পাদিত ব্যাঙ্ক গ্যারান্টি পরিশোধ করতে আবেদন জানানোর অধিকার এবং ঋণের সম্পূর্ণ পরিমাণ আদায় করার অধিকার বোর্ড দ্বারা সংরক্ষিত।

জ) কেবলমাত্র ভারতীয় মুদ্রায় ঋণ প্রদান করা হবে।

ঝ) কোনও বিতর্ক উদ্ভূত হলে, কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে।

---

স্পাইসেস বোর্ড
শিল্প ও বাণিজ্য মন্ত্রক
ভারত সরকার
সুগন্ধ ভবন
কোচিন ৬৮২ ০২৫

ফোন ঃ 91-484-2333610-2333616, 2347965
ফ্যাক্স ঃ 91-484-2331429, 2334429
ই-মেল ঃ ১) spicesboard@vsnl.com
২) dmspicesboard@gmail.com
ওয়েবসাইট ঃ http://www.indianspices.com

## মশলার রপ্তানি ব্যবস্থার উন্নয়ন ও প্রচার – "বিদেশে ভারতীয় মশলার ব্র্যান্ডের প্রচার"

### নিম্নলিখিতগুলির জন্য আর্থিক সহায়তা প্রাপ্তির আবেদনপত্র
(অনুগ্রহ করে ✓ দিন)

(১) পণ্য ও মোড়কের মানোন্নয়ন এবং বার কোডিং ☐

(২) ব্র্যান্ডের প্রচার ☐

| | | |
|---|---|---|
| ১ | রপ্তানিকারকের নাম | |
| ২ | যোগাযোগের বিবরণ সহ পুরো ঠিকানা | পিন ঃ<br>ফোন (STD কোড সহ) ঃ<br>ফ্যাক্স (STD কোড সহ)<br>ই-মেল আইডি ঃ<br>যোগাযোগের ব্যক্তি ঃ |
| ৩ | উৎপাদন কেন্দ্রের/কেন্দ্রগুলির অবস্থান ও ঠিকানা | ফোন (STD কোড সহ) ঃ<br>ফ্যাক্স (STD কোড সহ) ঃ<br>ই-মেল আইডি ঃ |
| ৪ | মশলার রপ্তানিকারক হিসেবে বোর্ড থেকে প্রাপ্ত সার্টিফিকেট অফ রেজিস্ট্রেশন | নং তারিখ<br>বৈধতার তারিখ ঃ |

| | | |
|---|---|---|
| ৫ | রপ্তানিকারকের শ্রেণী | ম্যানুফ্যাকচারার এক্সপোর্টার / মার্চেন্ট এক্সপোর্টার / লোগো আছে এরূপ সংস্থা / স্পাইস হাউস / অর্গানিক সার্টিফিকেট / রেজিস্টার্ড ব্র্যান্ড |
| ৬ | অনুদান ই-ট্রান্সফারের জন্য প্রয়োজনীয় বিবরণ ঃ<br>ক) ব্যাঙ্কের নাম<br>খ) শাখার নাম<br>গ) অ্যাকাউন্টের ধরন<br>ঘ) অ্যাকাউন্ট নম্বর<br>ঙ) IFS কোড নম্বর | |
| ৭ | যার জন্য ঋণের প্রয়োজন তার অবস্থান ও ঠিকানা | ক) পণ্যের মানোন্নয়ন ☐<br>খ) মোড়কের উন্নতিসাধন ☐<br>গ) বার কোডিং ☐<br>ঘ) ব্র্যান্ড প্রোমোশন ☐ |
| ৮ | স্পাইসেস বোর্ডে ব্র্যান্ড পঞ্জীকরণের বিবরণ<br>ক) ব্র্যান্ডের নাম<br>খ) পণ্য / পণ্যসমূহ<br>গ) পঞ্জীকরণের তারিখ | |

| | | | |
|---|---|---|---|
| ৯ | কার্যাবলীর বিবরণ এবং প্রতিটি অংশের মূল্য, যার জন্য সহায়তা চাওয়া হচ্ছে | কার্যাবলী | মূল্য (লাখ টাকায়) |
| | | | |
| ১০ | মশলার নাম, যার ব্র্যান্ড প্রোমোশনের পরিকল্পনা করা হয়েছে | | |
| ১১ | অনুমিত ব্যয় সমেত প্রচারমূলক কর্মসূচীর বিবরণ (কোটেশন সমেত অতিরিক্ত পৃষ্ঠা সংলগ্ন করুন) | | |

| ক্রঃ নং | কর্মসূচী | অনুমিত ব্যয় | | |
|---|---|---|---|---|
| | | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর |
| | | | | |

| | |
|---|---|
| ১২ | প্রয়োজনীয় ঋণের পরিমাণ |

১৩ **প্রস্তাবিত রপ্তানি**

| | **১ম বছর** | | **২য় বছর** | | **৩য় বছর** | |
|---|---|---|---|---|---|---|
| ব্র্যান্ডের নাম | পরিমাণ (মে. টন) | মূল্য (লাখ টাকায়) | পরিমাণ (মে. টন) | মূল্য (লাখ টাকায়) | পরিমাণ (মে. টন) | মূল্য (লাখ টাকায়) |
| | | | | | | |

| | | |
|---|---|---|
| ১৪ | অন্য কোনও প্রকল্প / উৎস থেকে অনুরূপ ধরনের সহায়তা উপলব্ধ করেছেন | হ্যাঁ / না |
| ১৫ | যদি থাকে, বিবরণ উল্লেখ করুন | |

## ঘোষণাপত্র

আমি/আমরা এতদ্বারা ঘোষণা করছি যে উপরোক্ত বিবরণ আমার/আমাদের জ্ঞান ও বিশ্বাসমতে সত্য এবং সঠিক। আমি/আমরা এতদ্বারা ঘোষণা করছি যে ব্যবসায়িক প্রচার কার্যাবলীর, যেমন (১) পণ্য ও মোড়কের মানোন্নয়ন ও বার কোডিং, (২) ব্র্যান্ড প্রোমোশন, যেটা প্রযোজ্য হবে, এর অধীনে প্রকল্পটি ভালভাবে পড়েছি ও বুঝেছি এবং সেখানে উল্লেখিত নিয়ম ও শর্তাবলী এবং পরবর্তী সময়ে কোনও পরিবর্তন, যদি হয়, মানতে রাজি আছি। আমি/ আমরা নির্ধারিত সময়সীমার মধ্যে প্রচারমূলক কর্মসূচী সম্পূর্ণ করতে রাজি আছি। আমি/ আমরা এটাও ভালভাবে বুঝেছি যে উল্লেখিত কোনও তথ্য সঠিক না হলে, যে কোনও সময়, আমার/আমাদের বিরুদ্ধে যথাযথ আইনি ব্যবস্থা অবলম্বন করার এবং ভবিষ্যতে বোর্ড থেকে কোনওরকম সহায়তা প্রাপ্তি রদ করার অধিকার বোর্ডের থাকবে। যদি দোষী সাব্যস্ত হই, আমি/ আমরা, দাবিক্রমে স্পাইসেস বোর্ড দ্বারা নির্ধারিত হারে সুদ সমেত, এই আবেদনের ভিত্তিতে প্রাপ্ত সহায়তার সম্পূর্ণ পরিমাণ স্পাইসেস বোর্ডকে পরিশোধ করার অঙ্গীকার করছি।

স্থান ঃ

স্বাক্ষর

তারিখ ঃ

অনুমোদিত স্বাক্ষরকারীর
নাম ও পদমর্যাদা

# মশলা রপ্তানি ব্যবস্থার উন্নতিসাধন ও বিকাশ –
## ‘‘পরিকাঠামোগত উন্নয়ন’’

### নির্দেশিকা / কর্মপদ্ধতি

‘‘পরিকাঠামোগত উন্নয়ন’’-এর কর্মসূচীর অধীনে চারটি কম্পোনেন্ট বা অংশ রয়েছে, যেমন (১) মশলা প্রক্রিয়াকরণে অত্যাধুনিক ও উন্নত প্রযুক্তির রূপায়ণ, (২) প্রযুক্তি এবং প্রক্রিয়ার উন্নতিসাধন, (৩) অভ্যন্তরীণ গুণমান নিয়ন্ত্রণ বিষয়ক গবেষণাগার স্থাপন/উন্নতিসাধন, (৪) গুণগত মানের শংসায়ন, নমুনা যাচাই প্রক্রিয়ার বৈধকরণ, মশলা ও মশলাজাত পণ্যের রপ্তানির উন্নতিসাধনের জন্য গবেষণাগার-কর্মীদের প্রশিক্ষণ। উৎপন্ন পণ্যের প্রক্রিয়াকরণের এরূপ পদ্ধতি গ্রহণ করতে এবং মশলাশিল্পকে আরও শক্তিশালী করে তুলতে এইসব অংশে সহায়তার প্রয়োজন, যার দ্বারা সুরক্ষিত পণ্যের গুণমান সম্পর্কে; উন্নত গুণমান বজায় রাখার ধারাবাহিকতার মাধ্যমে দেশের একটা উজ্জ্বল ভাবমূর্তি গড়ে ওঠে এবং ‘‘ইন্টারন্যাশনাল প্রসেসিং হাব’’ হিসেবে দেশ স্বীকৃতিলাভ করতে পারে।

### (১) মশলা প্রক্রিয়াকরণে অত্যাধুনিক ও উন্নত প্রযুক্তির রূপায়ণ

মূল্যের যথাযথ উপলব্ধির জন্য আন্তর্জাতিক বাজারে খাবারের গুণমান ও সুরক্ষা নিশ্চিত করতে অত্যাধুনিক ও উন্নতমানের প্রযুক্তি এবং বৈজ্ঞানিক সুযোগ-সুবিধা কাজে লাগিয়ে মশলা প্রক্রিয়াকরণে উৎসাহ প্রদানের লক্ষ্যে, প্রক্রিয়াকরণ, পরীক্ষা-নিরীক্ষা, প্যাকেজিং ইত্যাদিতে উচ্চ-প্রযুক্তিসম্পন্ন সুবিধাদি, যেমন ক্রায়ো-গ্রাইন্ডিং, স্টেরিলাইজেশন, স্টিম ওয়াশিং, সুপার ক্রিটিক্যাল ফ্লুইড এক্সট্র্যাকশন, গ্যাস ফ্লাশড্ এমভিপি প্যাকেজিং এবং/বা অন্য কোনও অত্যাধুনিক ব্যবস্থা অবলম্বন করতে বোর্ড রপ্তানিকারকদের আর্থিক সহায়তা প্রদান করে। এই অংশে উচ্চ প্রযুক্তিসম্পন্ন প্ল্যান্ট ও মেশিনারি, প্যাকিং সিস্টেম, বৈদ্যুতিক স্থাপনা এবং পরামর্শমূলক খাতে ব্যয় ধরা আছে।

### (২) প্রযুক্তি এবং প্রক্রিয়ার উন্নতিসাধন

বিদেশী ক্রেতাদের প্রয়োজনীয়তা পূরণে উচ্চ গুণমানের পণ্য উৎপাদন করতে তাঁদের বর্তমান প্রক্রিয়াকরণ/প্যাকেজিং সুবিধাদির উন্নতিসাধন করতে এই স্কিমে রপ্তানিকারকদের আর্থিক সহায়তার ব্যবস্থা করা হয়েছে। এই অংশে প্ল্যান্ট ও মেশিনারি, প্যাকিং সিস্টেম, বৈদ্যুতিক স্থাপনা এবং পরামর্শমূলক খাতে ব্যয়ে আর্থিক সহায়তা প্রদান করা হবে।

**(৩) অভ্যন্তরীণ গুণমান নিয়ন্ত্রণ বিষয়ক গবেষণাগার স্থাপন/উন্নতিসাধন**

পণ্যের গুণমান বৃদ্ধি করতে, কীটনাশক পদার্থের অবশিষ্টাংশ, বিষাক্ত পদার্থের অস্তিত্ব (aflatoxin), ফিজিক্যাল, কেমিক্যাল ও মাইক্রোবিয়াল কন্টামিন্যান্ট (দূষণকারী জীবাণু) নির্ধারণ সমেত পণ্যের গুণমানের বিভিন্ন মাপকাঠি বিশ্লেষণ করার সুবিধাদি স্থাপন করতে রপ্তানিকারকদের আর্থিক সহায়তা প্রদান করা হয়ে থাকে। এই অংশের মধ্যে রয়েছে গবেষণাগারের যন্ত্রপাতি, কাঁচের জিনিস, গবেষণাগারের আসবাবপত্র ও অন্যান্য আনুষঙ্গিক, বৈদ্যুতিক স্থাপনা এবং পরামর্শমূলক খাতে ব্যয়।

**(৪) গুণগত মানের শংসায়ন, নমুনা যাচাই প্রক্রিয়ার বৈধকরণ ও গবেষণাগার-কর্মীদের প্রশিক্ষণ**

এই অংশে আর্থিক সহায়তার জন্য নিম্নলিখিত কার্যাবলী যোগ্য বলে বিবেচিত হবে ঃ–

ক) ISO, HACCP, SQF 2000, GMP Traceability, FDA পঞ্জীকরণ ইত্যাদির জন্য প্রসেসিং ইউনিটের অ্যাক্রিডিটেশন/শংসায়ন;

খ) বিদেশে পাঠানো নমুনা যাচাইয়ের বৈধকরণ (ভ্যালিডেশন) ও পরিমিতকরণ (স্ট্যান্ডার্ডাইজেশন);

গ) গবেষণাগারে কর্মরত কর্মীদের যথাযথ প্রশিক্ষণ।

এই অংশে, প্রসেসিং ইউনিটগুলির অ্যাক্রিডিটেশন/শংসায়ন (নবীকরণ সমেত) বাবদ ব্যয়, বিদেশে অবস্থিত গবেষণাগারগুলিতে বৈধকরণ/পরিমিতকরণের জন্য বিশ্লেষণধর্মী খাতে ব্যয় এবং United States Food Drug Authority, European Union ইত্যাদি দ্বারা অনুমোদিত প্রখ্যাত আন্তর্জাতিক গবেষণাগারে গবেষণারত কর্মীদের কারিগরী জ্ঞান বৃদ্ধির জন্য ব্যয়বাবদ আর্থিক সহায়তা করা হয়ে থাকে।

যোগ্যতাবলী

মশলার রপ্তানিকারক হিসেবে স্পাইসেস বোর্ড থেকে প্রাপ্ত বৈধ সার্টিফিকেট অফ রেজিস্ট্রেশন (বা পঞ্জীকরণের শংসাপত্র) আছে এবং ন্যূনতম ৫০.০০ লাখ টাকা বিনিয়োগ করেছেন (ন্যূনতম ৫০ জন সদস্য নিয়ে গঠিত শংসিত জৈব উৎপাদকদের (certified organic growers) গ্রুপের ক্ষেত্রে ছাড়া) এরূপ সকল রপ্তানিকারক সহায়তা প্রাপ্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

**সহায়তার মাত্রা**

উপরিল্লিখিত চারটি অংশের অন্তর্গত তালিকাভুক্ত বিভিন্ন কার্যাবলীর ব্যয়ের ৩৩% গ্র্যান্ট-ইন-এইড (সহায়ক অনুদান) দেওয়া হয়ে থাকে, যা সাধারণ ক্ষেত্রে সর্বোচ্চ ১০০.০০ লাখ টাকা এবং বিশেষ ক্ষেত্রে মোট ব্যয়ের ৫০ শতাংশ বা ২০০.০০ লাখ টাকা, যেটা কম হবে। বিশেষ ক্ষেত্রের অধীনে, ২০০৭-২০১২ পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদে উত্তর-পূর্বাঞ্চল, পাহাড়ি/দুর্গম এলাকায় স্থাপিত বা জৈব কৃষকদের সংগঠনসমূহ, কো-অপারেটিভ সোসাইটির দ্বারা স্থাপিত ইউনিট, উৎপাদক কোম্পানিসমূহ এবং যে কোনও স্থানে সরকার দ্বারা সমর্থিত সংগঠনসমূহ, উচ্চ হারে (৫০%) অনুদান পাওয়ার যোগ্য। পূর্বে উল্লিখিত (৪)(গ)-এর ক্ষেত্রে, পরিকল্পনার মেয়াদকালীন সময়ে প্রত্যেক রপ্তানিকারকের সর্বাধিক তিনটি প্রশিক্ষণ কর্মসূচীসাপেক্ষে প্রতি প্রশিক্ষণের জন্য ৬০,০০০ টাকা পর্যন্ত সীমাবদ্ধ রয়েছে। অবশ্য, (ক) মশলা প্রক্রিয়াকরণে অত্যাধুনিক ও উন্নত প্রযুক্তির রূপায়ণ, (খ) প্রযুক্তি এবং প্রক্রিয়ার উন্নতিসাধন, (গ) অভ্যন্তরীণ গুণমান নিয়ন্ত্রণ বিষয়ক গবেষণাগার স্থাপন/উন্নতিসাধন, (ঘ) গুণগত মানের শংসায়ন, নমুনা যাচাই প্রক্রিয়ার বৈধকরণ, মশলা ও মশলাজাত পণ্যের রপ্তানির উন্নতিসাধনের জন্য গবেষণাগার-কর্মীদের প্রশিক্ষণ – এই চারটি অংশের যে কোনওটি বা সবকটির অধীনে সহায়তার মোট পরিমাণ, সাধারণ ক্ষেত্রে ১০০.০০ লাখ টাকার এবং বিশেষ ক্ষেত্রে/নির্দিষ্ট প্রোমোটারের ক্ষেত্রে ২০০.০০ লাখ টাকার বেশি হবে না।

**সহায়তা পাওয়ার জন্য রপ্তানি সংক্রান্ত বাধ্যবাধকতা**

সাধারণ এলাকার ক্ষেত্রে, প্রকল্প সম্পূর্ণ করার তারিখ থেকে পাঁচ বছর সময়সীমার অন্তর্গত সময়ে, সর্বশেষ তিন বছরে তাঁর/তাঁদের অর্জিত রপ্তানি ক্ষমতার অতিরিক্ত, স্পাইসেস বোর্ড থেকে প্রাপ্ত উপরিল্লিখিত যে কোনও একটি বা সবকটি অংশের অধীনে প্রাপ্ত সহায়তার পরিমাণের দশ গুণেরও বেশি মশলা ও মশলাজাত পণ্য রপ্তানির দ্বারা, সুবিধাভোগীদের রপ্তানি সংক্রান্ত বাধ্যবাধকতা অবশ্যই পূরণ করতে হবে। বিশেষ ক্ষেত্রে/দুর্গম এলাকার ক্ষেত্রে এবং উপরোক্তমতো সংগঠন/প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে, সহায়তার পরিমাণের পাঁচ গুণের রপ্তানি সংক্রান্ত বাধ্যবাধকতার শর্ত পূরণ করতে হবে। বৈধকরণ/পরিমিতকরণের জন্য বিদেশে পাঠানো নমুনা যাচাই তথা বিদেশে গবেষণাগারে কর্মরত কর্মীদের প্রশিক্ষণের ক্ষেত্রে, সুবিধাভোগীর দাখিল করা প্রযোজনীয় নথিপত্রের/তথ্যের ভিত্তিতে যোগ্য সহায়ক অনুদান দেওয়া হবে। এই দুটি ক্ষেত্রে রপ্তানি সংক্রান্ত বাধ্যবাধকতার কোনও শর্ত প্রযোজ্য হবে না।

রপ্তানি সংক্রান্ত বাধ্যবাধকতা দূর করার জন্য, রপ্তানির জন্য সুবিধাভোগীর দ্বারা অন্য রপ্তানিকারককে সরবরাহ তথা সুবিধাভোগীর দ্বারা সরাসরি রপ্তানি সম্পর্কিত শর্ত (ডিমড্ এক্সপোর্ট) বিবেচনা করা হবে।

*সহায়তার জন্য আবেদন*

যোগ্য রপ্তানিকারকগণ নিম্নলিখিত নথিপত্র সমেত বোর্ডের কাছে আবেদন করতে পারেন ঃ

১. দুই প্রস্থে নির্ধারিত বয়ানে আবেদনপত্র (৩ ও ৪ নং অংশের ক্ষেত্রে শুধুমাত্র এক প্রস্থ);

২. আর্থিক প্রতিষ্ঠান/চার্টার্ড ইঞ্জিনিয়ার বা অন্য কোনও উপযুক্ত কারিগরী সংগঠন দ্বারা মূল্যায়ন করা, দুই প্রস্থে, প্রকল্প সংক্রান্ত প্রতিবেদন (১ ও ২ নং অংশের ক্ষেত্রে);

৩. ইউনিট যে জমিতে স্থাপিত তার স্বত্বাধিকার প্রমাণে স্ব-প্রত্যয়িত নথিপত্র/সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ইস্যু করা পজেশন সার্টিফিকেট-এর কপি (১ ও ২ নং অংশের ক্ষেত্রে);

৪. ইউনিটের প্রক্রিয়াকরণ কার্যাবলী সম্পর্কিত ফ্লো-চার্ট (১ ও ২ নং অংশের ক্ষেত্রে);

৫. পরিকল্পনার মেয়াদকালীন সময়ে বোর্ড দ্বারা সমর্থিত যন্ত্রপাতির তালিকা;

৬. প্রস্তুতকারকের নাম ও মূল্য উল্লেখ করে স্থাপনযোগ্য/স্থাপিত যন্ত্রপাতির তালিকা;

৭. ন্যূনতম দুজন পার্টির থেকে প্রাপ্ত মেশিনারি/যন্ত্রপাতির জন্য কোটেশনের কপি (প্রতিষ্ঠিত সরবরাহকারী বাদে);

৮. মশলার রপ্তানিকারক হিসেবে পঞ্জীকরণের শংসাপত্রের কপি;

৯. চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট দ্বারা শংসিত কোম্পানির বিগত আর্থিক বছরের ব্যালান্স শিট (বা উদ্বর্ত পত্র)।

উপরোক্ত নথিপত্র এবং আবেদনপত্রের সমর্থনে অন্য কোনও অতিরিক্ত নথিপত্রের ভিত্তিতে, যদি থাকে, যার জন্য পরে ডাকা হতে পারে, বোর্ড নীতিগতভাবে প্রকল্পের অনুমোদন দেবেন।

কেবলমাত্র সহায়ক অনুদানের জন্য আবেদনের তারিখের পরে প্ল্যান্ট ও মেশিনারি/যন্ত্রপাতি স্থাপনের ব্যয় সংক্রান্ত দাবি, সহায়ক অনুদান দেওয়ার উদ্দেশ্যে প্রকল্পের ব্যয় হিসাব করতে যোগ্য বিবেচিত হবে। প্ল্যান্ট ও মেশিনারি, যন্ত্রপাতি, পরামর্শমূলক খাতে ব্যয় ইত্যাদির জন্য ক্রসড্ চেক/ডিমান্ড ড্রাফ্ট আকারে অনুদান দেওয়া হবে, যাতে তা ব্যাঙ্ক স্টেটমেন্টে দেখা যায়। ২৫,০০০ টাকা পর্যন্ত প্রকল্প সম্পর্কিত অন্যান্য ছোটখাটো ব্যয় নগদে দেওয়া হবে।

**পরিদর্শন**

প্রকল্প/স্থাপন সম্পূর্ণ হবার পর সুবিধাভোগীকে বোর্ডের কাছে যেসব নথিপত্র জমা দিতে হবে ঃ

১. কমপ্লিশন রিপোর্ট (বা কাজ সম্পূর্ণকরণের প্রতিবেদন);

২. বিল/ভাউচার/রসিদ (স্ব-প্রত্যয়িত)-এর কপি;

৩. চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট দ্বারা শংসিত এক্সপেন্ডিচার স্টেটমেন্ট (ব্যয় সংক্রান্ত বিবৃতি);

৪. প্রকল্পের প্রয়োজনীয় কার্যাবলীর/অংশের জন্য ব্যয়িত পেমেন্টের বিবরণ উল্লেখ করা ব্যাঙ্ক স্টেটমেন্ট বা প্রকল্পের কাজে ব্যয় করা পেমেন্টের সমর্থিত ডিমান্ড ড্রাফ্টের কপি;

৫. বৈধকরণ/পরিমিতকরণের জন্য বিদেশে পাঠানো নমুনার বিশ্লেষণধর্মী ব্যয়বাবদ এয়ারওয়ে বিল, ইনভয়েস-এর কপি এবং যে গবেষণাগারে নমুনা পরীক্ষা করা হয়েছে সেখানকার বিশ্লেষণধর্মী প্রতিবেদনের কপি (৪খ নং অংশের জন্য)।

৬. প্রাপ্ত পেমেন্টের জন্য POD স্ট্যাটাস রিপোর্ট সমেত ক্যুরিয়ার এজেন্টের থেকে প্রাপ্ত রসিদ (৪খ নং অংশের জন্য)।

উপরোক্ত কাজকর্মের জন্য দাবি পাওয়ার পর, বৈধকরণের জন্য বিদেশে পাঠানো নমুনা এবং গবেষণাগারের কর্মীদের প্রশিক্ষণের বিষয়টি ছাড়া, বোর্ড স্থাপিত যন্ত্রপাতি/মেশিনারি পরিদর্শন করবেন। পরিদর্শনের টিমে বোর্ডের থেকে একজন আধিকারিক এবং শিল্প দপ্তর/ইআইএ/আগমার্ক বা অন্য কোনও সরকারি এজেন্সির একজন স্থানীয় প্রতিনিধি থাকবেন। আর্থিক সহায়তার জন্য দাবি, ৪খ-এ উল্লেখিত কার্যাবলীর ক্ষেত্রে, এয়ার টিকিট-এর মতো সমর্থিত প্রমাণপত্র এবং পেমেন্টের বিবরণ সমেত সমস্ত নথিপত্র প্রশিক্ষণ সম্পূর্ণ হবার তারিখ থেকে এক মাসের মধ্যে বোর্ডের কাছে পাঠিয়ে দেওয়া হবে।

**অনুদান প্রদান**

সন্তোষজনকভাবে প্রকল্প সম্পূর্ণ হবার পর এবং পরিদর্শন টিমের সুপারিশক্রমে, বোর্ড রপ্তানিকারককে বা মনোনীত এজেন্সি/প্রতিষ্ঠানকে সহায়ক অনুদান অনুমোদন করতে পারেন। স্পাইসেস বোর্ডের সঙ্গে সুবিধাভোগীর চুক্তি সম্পাদন এবং সুবিধাভোগীর দ্বারা রপ্তানির নির্ধারিত বাধ্যবাধকতা পূরণের সময়সীমার জন্য সহায়ক অনুদানের সমপরিমাণে স্পাইসেস বোর্ডের অনুকূলে নির্দিষ্ট বয়ানে নির্ধারিত ব্যাঙ্কের ব্যাঙ্ক গ্যারান্টি জমা দেবার পর এক থোকে অনুদান দেওয়া হবে। রপ্তানি সংক্রান্ত বাধ্যবাধকতার সমপরিমাণে রপ্তানির প্রমাণ দাখিল করার পর ব্যাঙ্ক গ্যারান্টি ছেড়ে দেওয়া হবে।

---

স্পাইসেস বোর্ড
শিল্প ও বাণিজ্য মন্ত্রক
ভারত সরকার
সুগন্ধ ভবন
কোচিন ৬৮২ ০২৫

ফোন ঃ 91-484-2333610-2333616, 2347965
ফ্যাক্স ঃ 91-484-2331429, 2334429
ই-মেল ঃ ১) spicesboard@vsnl.com
২) dmspicesboard@gmail.com
ওয়েবসাইট ঃ http://www.indianspices.com

## মশলার রপ্তানি ব্যবস্থার উন্নয়ন ও প্রচার – "পরিকাঠামোগত উন্নয়ন"

### নিম্নলিখিতগুলির জন্য আর্থিক সহায়তা প্রাপ্তির আবেদনপত্র
(অনুগ্রহ করে ✓ দিন)

(১) উন্নত প্রযুক্তি পদ্ধতি গ্রহণ ☐
(২) অভ্যন্তরীণ গুণমান নিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন ☐
(৩) প্রযুক্তি/প্রক্রিয়ার উন্নতিসাধন ☐
(৪) গুণমানের শংসায়ন/অ্যাক্রিডিটেশন/বৈধকরণ/প্রশিক্ষণ ☐

পার্ট ১ (সাধারণ তথ্য)

| | | |
|---|---|---|
| ১ | রপ্তানিকারকের নাম | |
| ২ | যোগাযোগের বিবরণ সহ পুরো ঠিকানা | পিন ঃ<br>ফোন (STD কোড সহ) ঃ<br>ফ্যাক্স (STD কোড সহ)<br>ই-মেল আইডি ঃ<br>যোগাযোগের ব্যক্তি ঃ |
| ৩ | উৎপাদন কেন্দ্রের/কেন্দ্রগুলির অবস্থান ও ঠিকানা | ফোন (STD কোড সহ) ঃ<br>ফ্যাক্স (STD কোড সহ) ঃ<br>ই-মেল আইডি ঃ |
| ৪ | মশলার রপ্তানিকারক হিসেবে বোর্ড থেকে প্রাপ্ত সার্টিফিকেট অফ রেজিস্ট্রেশন | নং তারিখ<br>বৈধতার তারিখ ঃ |

| | | |
|---|---|---|
| ৫ | রপ্তানিকারকের শ্রেণী | ম্যানুফ্যাকচারার এক্সপোর্টার / উত্তর পূর্বাঞ্চলে ইউনিট/ পাহাড়ি/দুর্গম এলাকায় ইউনিট/অর্গানিক ফার্মার/ কো-অপারেটিভ সোসাইটি/উৎপাদক কোম্পানি/ সরকার সমর্থিত সংগঠন |
| ৬ | অনুদান ই-ট্রান্সফারের জন্য প্রয়োজনীয় বিবরণ ঃ<br>ক) ব্যাঙ্কের নাম | |
| | খ) শাখার নাম | |
| | গ) অ্যাকাউন্টের ধরন | |
| | ঘ) অ্যাকাউন্ট নম্বর | |
| | ঙ) IFS কোড নম্বর | |
| ৭ | রপ্তানির মুখ্য উপাদানসমূহ | |
| ৮ | বিগত ৩ বছরে রপ্তানি করা মশলা | বছর    পরিমাণ (এমটি)    মূল্য (লাখ টাকা) |
| ৯ | পরিকল্পনার মেয়াদে বিভিন্ন প্রকল্পের অধীনে স্পাইসেস বোর্ড থেকে ইতিমধ্যে প্রাপ্ত সহায়তার বিবরণ | স্কিম    বছর    পরিমাণ (লাখ টাকায়) |
| ১০ | ইতিমধ্যে করা বিনিয়োগের বিবরণ | জমি ঃ টাকা<br>বিল্ডিং ঃ টাকা<br>মেশিনারি ঃ টাকা<br>গুণমান পরীক্ষার সুবিধা ঃ টাকা<br>গুণমানের শংসায়ন ঃ টাকা<br>অন্যান্য (উল্লেখ করুন) ঃ টাকা<br>মোট ঃ টাকা |

পার্ট ২ (উন্নত প্রযুক্তির রূপায়ণ এবং প্রযুক্তির/পদ্ধতির উন্নতিসাধন)

| | | |
|---|---|---|
| ১ | প্রস্তাবিত কার্যাবলীর বিবরণ ও তার প্রধান কার্যকারিতা উল্লেখ করুন | |
| ২ | প্রস্তাবিত স্থাপনযোগ্য যন্ত্রপাতির বিবরণ এবং বর্তমান যন্ত্রপাতিসমূহের সঙ্গে একত্রে কাজ করার কার্যকারিতা পৃথকভাবে উল্লেখ করুন (ফ্লো-চার্ট এবং নির্দেশিকায় উল্লেখিত অন্যান্য নথিপত্রের বিবরণ, যা পৃথকভাবে সংলগ্ন করতে হবে) | |
| ৩ | মেশিনারি/প্রযুক্তি আমদানি করা হয়েছে নাকি কোনও দেশীয় উৎস থেকে সংগৃহীত | |
| ৪ | প্রকল্প ব্যয় (লাখ টাকায়) | পরামর্শমূলক খাতে ঃ ..................... টাকা<br>মেশিনারিবাবদ ঃ ..................... টাকা<br>জমি ও বিল্ডিং ঃ ..................... টাকা<br>অন্যান্য খাতে ঃ ..................... টাকা<br>মোট ঃ ..................... টাকা |
| ৫ | আর্থিক উৎস | |
| ৬ | সম্পূর্ণরূপে তৈরি পণ্যের বার্ষিক উৎপাদন ক্ষমতা | বর্তমান ইউনিট ঃ ......... মে.টন প্রতিদিন<br>প্রকল্প সম্পূর্ণ হবার পর ঃ ......... মে.টন প্রতিদিন |
| ৭ | এই প্রকল্প কীভাবে আপনার রপ্তানি উদ্যোগকে সাহায্য করবে (যদি প্রয়োজন হয়, অতিরিক্ত পৃষ্ঠা সংযোজন করতে পারেন) | |
| ৮ | প্রকল্প শেষ হবার আনুমানিক তারিখ | |
| ৯ | প্রকল্প শেষ হবার পর পাঁচ বছরের মধ্যে অনুমিত রপ্তানি | বছর পরিমাণ (এমটি) মূল্য (লাখ টাকায়) |

পার্ট ৩ (গুণমান নিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপনের/উন্নতিসাধনের জন্য )

| | | |
|---|---|---|
| ১ | গবেষণাগারের অবস্থান ও ঠিকানা | |
| ২ | গবেষণাগার স্থাপনের যৌক্তিকতা/ প্রস্তাবিত উন্নতিসাধনের ধরন | |
| ৩ | বর্তমান গবেষণাগারের ক্ষেত্রে, প্রস্তাবিত সম্প্রসারণ কি বর্তমান গবেষণাগারের সঙ্গে একত্রিত করা হবে না পৃথকভাবে কাজ করবে, অনুগ্রহ করে উল্লেখ করুন (পরীক্ষা, বিশ্লেষণ করা হলে তার বিবরণ) | |
| ৪ | গবেষণাগারের যন্ত্রপাতি কি বাইরে থেকে আমদানি করা হয়েছে নাকি দেশীয় কোনও উৎস থেকে সংগৃহীত | |
| ৫ | গবেষণাগারের ভারপ্রাপ্ত পদাধিকারের নাম, পদমর্যাদা, শিক্ষাগত যোগ্যতা এবং সংগঠনে তাঁর যোগদানের তারিখ | নাম ঃ<br>যোগ্যতা ঃ<br>পদমর্যাদা ঃ<br>মোট কত বছরের অভিজ্ঞতা ঃ<br>সংগঠনে যোগদানের তারিখ ঃ |
| ৬ | প্রকল্প ব্যয় (লাখ টাকায়) | পরামর্শমূলক খাতে ঃ ..................... টাকা<br>মেশিনারিবাবদ ঃ ..................... টাকা<br>জমি ও বিল্ডিং ঃ ..................... টাকা<br>অন্যান্য খাতে ঃ ..................... টাকা<br>মোট ঃ ..................... টাকা |
| ৭ | আর্থিক উৎস | |
| ৮ | প্রকল্প শেষ হবার আনুমানিক তারিখ | |

পার্ট ৪ (গুণমানের শংসায়ন/অ্যাক্রিডিটেশন/নমুনা/প্রশিক্ষণের বৈধকরণের জন্য)

| | | |
|---|---|---|
| ১ | গবেষণাগারের অবস্থান ও ঠিকানা | |
| ২ | গবেষণাগার স্থাপনের যৌক্তিকতা/ প্রস্তাবিত উন্নতিসাধনের ধরন | |
| ৩ | যেখানে যেমন প্রযোজ্য সেরূপ বিবরণ দিন<br>(ক) শংসায়নকারী সংস্থার পুরো ঠিকানা | |
| | (খ) বৈধকরণের জন্য নমুনা যেখানে পাঠানো হয়েছে সেই গবেষণাগারের নাম ও ঠিকানা | |
| | (গ) প্রশিক্ষণের জন্য গবেষণাগার কর্মীকে যে সংগঠনে পাঠানো হয়েছে তার নাম ও ঠিকানা | |
| ৪ | গবেষণাগারের ভারপ্রাপ্ত আধিকারিকের নাম, পদমর্যাদা, শিক্ষাগত যোগ্যতা এবং সংগঠনে তাঁর যোগদানের তারিখ | নাম ঃ<br>যোগ্যতা ঃ<br>পদমর্যাদা ঃ<br>মোট কত বছরের অভিজ্ঞতা ঃ<br>সংগঠনে যোগদানের তারিখ ঃ |
| ৫ | পরামর্শদাতার, যদি থাকেন, নাম ও ঠিকানা | |
| ৬ | ব্যয়ের বিস্তারিত বিবরণ সমেত কার্যাবলীর ব্যয় (ক্রমিক নং ৩ অনুযায়ী) | |
| ৭ | আর্থিক উৎস | |
| ৮ | কার্যাবলী সম্পূর্ণ করার প্রত্যাশিত তারিখ, যার জন্য সহায়তা চাওয়া হচ্ছে | |

<u>ঘোষণাপত্র</u>

আমি/আমরা এতদ্বারা ঘোষণা করছি যে উপরোক্ত বিবরণ আমার/আমাদের জ্ঞান ও বিশ্বাসমতে সত্য ও সঠিক। আমি/আমরা এতদ্বারা ঘোষণা করছি যে, **মশলা প্রক্রিয়াকরণে হাই-টেক/ প্রযুক্তি ও প্রক্রিয়ার উন্নতিসাধন/অভ্যন্তরীণ গুণমান নিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন/গুণমান সম্পর্কিত শংসায়ন/অ্যাক্রিডিটেশন/প্রশিক্ষণ-এর কাজে সহায়ক অনুদানের জন্য**, যেখানে যেমন প্রযোজ্য, প্রকল্পটি ভালভাবে পড়েছি ও বুঝেছি এবং সেখানে উল্লেখিত নিয়ম ও শর্তাবলী এবং পরবর্তী সময়ে কোনও পরিবর্তন, যদি থাকে, মানতে রাজি আছি। বোর্ডের থেকে অনুমোদন পাওয়ার পর আমি/আমরা নির্ধারিত সময়সীমার মধ্যে প্রকল্পের কাজ সম্পূর্ণ করতে রাজি আছি। এই প্রকল্পের অধীনে রপ্তানি-সংক্রান্ত বাধ্যবাধকতা পূরণ করতে আমি/আমরা বাধ্য থাকব এবং এই প্রকল্পের কোনও নিয়ম ও শর্ত যদি আমি/আমরা লঙ্ঘন করি, সেক্ষেত্রে এই আবেদনের ভিত্তিতে প্রাপ্ত অনুদান আদায় করতে বোর্ড রপ্তানি-সংক্রান্ত যে বাধ্যবাধকতার সময় বেঁধে দেবেন তার জন্য প্রয়োজনীয় পরিমাণে ব্যাঙ্ক গ্যারান্টির ব্যবস্থা করার অঙ্গীকার করছি। এটাও ভালভাবে বুঝেছি যে উল্লেখিত কোনও তথ্য সঠিক না হলে, যে কোনও সময়, আমার/আমাদের বিরুদ্ধে যথাযথ আইনি ব্যবস্থা অবলম্বন করার এবং ভবিষ্যতে বোর্ড থেকে কোনওরকম সহায়তা প্রাপ্তি রদ করার অধিকার বোর্ডের থাকবে। যদি দোষী সাব্যস্ত হই, আমি/ আমরা, দাবিক্রমে স্পাইসেস বোর্ড দ্বারা নির্ধারিত হারে সুদ সমেত, এই আবেদনের ভিত্তিতে প্রাপ্ত সহায়তার সম্পূর্ণ পরিমাণ স্পাইসেস বোর্ডকে পরিশোধ করার অঙ্গীকার করছি।

স্থান ঃ স্বাক্ষর

তারিখ ঃ অনুমোদিত স্বাক্ষরকারীর
নাম ও পদমর্যাদা

## চেক্ লিস্ট

**(মশলা প্রক্রিয়াকরণ/প্রযুক্তির উন্নতিসাধনে হাই-টেক প্রযুক্তি গ্রহণে আর্থিক সহায়তা প্রাপ্তির জন্য)**

উপরোক্ত দুটি প্রকল্পে আর্থিক সহায়তা প্রাপ্তির জন্য আবেদনপত্র জমার পূর্বে নিম্নলিখিত বিষয়ে নিশ্চিত হোন যে ঃ

ক) সবকটি কলম বড় হরফে পূরণ করা হয়েছে এবং সংস্থার অনুমোদিত প্রতিনিধির দ্বারা আবেদনপত্র স্বাক্ষর করা হয়েছে।

খ) আবেদনপত্র এবং প্রকল্প সম্পর্কিত প্রতিবেদন দুই প্রস্থে জমা করতে হবে।

গ) প্রকল্প সংক্রান্ত প্রতিবেদনের অন্তর্ভুক্ত থাকবে গ্রহণযোগ্য প্রযুক্তির বিবরণ, সম্পর্কিত ব্যয়, পরামর্শ প্রদানজনিত ব্যয়, যদি থাকে, মূল্য এবং সরবরাহকারীর বিবরণ সমেত মেশিনারির তালিকা, বৈদ্যুতিক স্থাপনার জন্য ব্যয়, ইউনিটে নেওয়া প্রক্রিয়ার ফ্লো চার্ট, আর্থিক উৎস ইত্যাদি।

ঘ) প্রকল্প সংক্রান্ত প্রতিবেদনে পণ্যের গুণমানের মাত্রা নির্দিষ্ট করে উল্লেখ করতে হবে।

ঙ) প্রকল্পটি চার্টার্ড ইঞ্জিনিয়ার/আর্থিক প্রতিষ্ঠান/অন্য উপযুক্ত কারিগরী সংগঠন দ্বারা মূল্যায়ন করতে হবে (অভ্যন্তরীণ গবেষণাগার স্থাপন এবং গুণমানের শংসায়ন বাদে)।

চ) প্ল্যান্ট ও মেশিনারি ক্রয়বাবদ, বৈদ্যুতিক স্থাপনা সম্পর্কিত সমস্ত কোটেশন জমা করতে হবে (অভ্যন্তরীণ গবেষণাগার স্থাপন এবং গুণমানের শংসায়ন বাদে)।

ছ) সংশ্লিষ্ট স্থানের আইনি স্বত্বাধিকারের জন্য সহায়ক নথিপত্র সমেত ইউনিটের লে-আউট (বিন্যাস) সংলগ্ন করতে হবে (অভ্যন্তরীণ গবেষণাগার স্থাপন এবং গুণমানের শংসায়ন বাদে)।

জ) বর্তমান ইউনিট থাকলে, সেক্ষেত্রে বর্তমান মেশিনারির তালিকা।

# মশলা রপ্তানি ব্যবস্থার উন্নতিসাধন ও বিকাশ –

## "ট্রেড প্রোমোশন (বা ব্যবসার প্রচারমূলক কার্যাবলী)"

### নির্দেশিকা / কর্মপদ্ধতি

"ট্রেড প্রোমোশন" কর্মসূচীর অধীনে তিনটি কম্পোনেন্ট বা অংশ রয়েছে, যেমন (১) ব্যবসায়িক নমুনা বিদেশে পাঠানো; (২) প্রচারমূলক বিষয়াবলী/পুস্তিকা মুদ্রণ; (৩) প্যাকেজিংয়ের উন্নয়ন ও বার কোডিংয়ের পঞ্জীকরণ, যা মশলা ও মশলাজাত পণ্যের প্রচারের জন্য সহায়ক হবে।

রপ্তানি ব্যবসার উন্নতিসাধন, অর্ডার সুনিশ্চিত করা, ক্রেতাদের কাছে আরও ভালভাবে উপস্থাপন এবং খুচরো বাজারের জন্য আধুনিক/বিজ্ঞানসম্মত প্যাকেজিংয়ের ব্যবস্থা করা, যার দ্বারা দেশের ভাবমূর্তি উজ্জ্বল করে তোলা, পণ্য মজুতের মেয়াদকাল বৃদ্ধি এবং উচ্চ গুণমানের পণ্য ব্যবহার নিশ্চিতকরণ ইত্যাদি কাজে এইসব অংশে সহায়তা প্রদান খুবই জরুরি।

### *(১) ব্যবসায়িক নমুনা বিদেশে পাঠানো ঃ*

নমুনার ভিত্তিতে স্বচ্ছ লেনদেনের ব্যবস্থা করা এবং গুণগত মান বজায় রেখে বাণিজ্য সম্পর্কিত উদ্ভূত বিতর্ক এড়াতে, মশলা ও মশলাজাত পণ্যের নমুনা বিদেশে পাঠানো সম্পর্কিত ব্যবস্থা চূড়ান্তকরণে বোর্ড সহায়তা প্রদান করে থাকে। এই অংশে, ক্যুরিয়ার চার্জবাবদ খরচপত্র বোর্ড রপ্তানিকারকদের মিটিয়ে দিয়ে প্রয়োজনীয় সহায়তা করে থাকে।

### *(২) প্রচারমূলক বিষয়াবলী/পুস্তিকা মুদ্রণ*

প্রচারমূলক বিষয়াবলী/পুস্তিকা মুদ্রণ, ভিডিও ফিল্ম/সিডি তৈরি, অন্যান্য ইলেক্ট্রনিক (বা বৈদ্যুতিন) মাধ্যমের দ্বারা বিদেশে সম্ভাব্য ক্রেতাদের কাছে পণ্য ও পরিষেবার উপযুক্ততা এবং ক্ষমতা তুলে ধরতে বোর্ড সহায়তা প্রদান করে থাকে। এই অংশে, ভাল মানের প্রচারমূলক বিষয়াবলী/পুস্তিকা/ভিডিও ফিল্ম/সিডি এবং অন্যান্য ইলেক্ট্রনিক মাধ্যমের দ্বারা মশলা/মশলাজাত পণ্যের যোগ্য রপ্তানিকারকদের বোর্ড আর্থিক সহায়তা প্রদান করে থাকে।

***(৩) মশলা ও মশলাজাত পণ্যের প্রচারের জন্য পণ্যদ্রব্যের মোড়কের ও বার কোডিং ঃ***

পণ্য মজুতের মেয়াদকাল বৃদ্ধির জন্য বর্তমান প্যাকেজিং আরও উন্নত করতে এবং আধুনিক প্যাকেজিংয়ের জন্য, মজুতের জায়গা কমানো, সহজেই যাতে চোখে পড়ে তা তুলে ধরতে এবং বিদেশের বাজারে ভারতীয় মশলার আরও ভাল উপস্থাপনার জন্য বোর্ড সহায়তা প্রদান করে থাকে। এই অংশে আর্থিক সহায়তার মধ্যে সব ধরনের প্যাকিং এবং অনুসরণসাধ্য প্রক্রিয়ার জন্য বার কোডিংয়ের পঞ্জীকরণের খরচ অন্তর্ভুক্ত করার প্রস্তাব করা হয়েছে।

*যোগ্যতাবলী ঃ*

স্পাইসেস বোর্ড লোগো/স্পাইস হাউস সার্টিফিকেট/অর্গানিক সার্টিফিকেশনের সঙ্গে ব্র্যান্ডের পঞ্জীকরণ আছে এরূপ সকল পঞ্জীকৃত রপ্তানিকারকরাই এই স্কিমে আর্থিক সহায়তা পাওয়ার জন্য যোগ্য বিবেচিত হবেন। মোড়কের উন্নতিসাধন এবং বার কোডিংয়ে আর্থিক সহায়তার ক্ষেত্রে, সমস্ত পঞ্জীকৃত রপ্তানিকারকরাই যোগ্য বিবেচিত হবেন।

*সহায়তার মাত্রা ঃ*

১। **ব্যবসায়িক নমুনা বিদেশে পাঠানো ঃ** বিদেশে ক্রেতাদের কাছে ব্যবসায়িক নমুনা পাঠানোর জন্য ক্যুরিয়ার/এয়ার ফ্রেট চার্জবাবদ ব্যয় মেটাতে প্রতি বছর প্রত্যেক রপ্তানিকারককে ৫০,০০০ টাকা পর্যন্ত আর্থিক সহায়তা প্রদান করা হয়ে থাকে। অবশ্য, স্পাইস অয়েল এবং ওলিওরেজিন-এর ক্ষেত্রে প্রতি কনসাইনমেন্টের নমুনাতে ১ কেজি-র বেশি এবং অন্যান্য মশলা ও মশলাজাত পণ্যের ক্ষেত্রে ১০ কেজি-র বেশি ওজন হওয়া চলবে না।

২। **প্রচারমূলক বিষয়াবলী/পুস্তিকা মুদ্রণ ঃ** প্রত্যেক পুস্তিকায় সর্বোচ্চ ২.০০ লাখ টাকা সাপেক্ষে মোট ব্যয়ের ৫০% পর্যন্ত আর্থিক সহায়তা প্রদান করা হয়ে থাকে এবং পরিকল্পনার মেয়াদকালীন সময়ে প্রত্যেক রপ্তানিকারকের ক্ষেত্রে সর্বাধিক দু'বার এরূপ সহায়তা প্রদান করা হয়।

৩। **মোড়কের উন্নতিসাধন এবং বার কোডিংয়ের পঞ্জীকরণ ঃ** প্রতি বছর প্রত্যেক রপ্তানিকারককে সর্বোচ্চ ১.০০ লাখ টাকা সাপেক্ষে মোড়কের উন্নতিসাধন এবং বার কোডিংয়ের পঞ্জীকরণের ব্যয়ের ৫০% আর্থিক সহায়তা করা হবে।

**সহায়তা প্রাপ্তির জন্য রপ্তানি সংক্রান্ত বাধ্যবাধকতা ঃ**

এই তিনটি অংশে আর্থিক সহায়তা পাওয়ার জন্য রপ্তানিকারকদের ক্ষেত্রে এরূপ কোনও বাধ্যবাধকতা নেই।

**সহায়তা প্রাপ্তির জন্য আবেদনপত্র ঃ**

যোগ্য রপ্তানিকারকরা নিম্নলিখিত নথিপত্র সমেত বোর্ডের কাছে আবেদন করতে পারেন ঃ

১. নির্ধারিত বয়ানে আবেদনপত্র;

২. স্পাইস হাউস সার্টিফিকেট (SHC)/লোগো/অর্গানিক সার্টিফিকেশন/ব্র্যান্ডের পঞ্জীকরণের কপি (১ ও ২ নং অংশের জন্য);

৩. ক্যুরিয়ার ওয়ে বিল, পিওডি (POD) এবং পেমেন্টের প্রমাণপত্রের মূল কপি (১ নং অংশের জন্য);

৪. বিষয়াবলীর/পুস্তিকার খসড়া সহ প্রোমোশনাল বা প্রচারমূলক কার্যাবলীর বিবরণ (২ নং অংশের জন্য);

৫. পরামর্শ প্রদান, নক্শা তৈরি, নকল, মুদ্রণ, কাজ (নমুনা সহ), মোড়কের উপাদান ইত্যাদির জন্য কোটেশন (২ নং অংশের জন্য);

৬. বার কোডিংয়ের পঞ্জীকরণ/অনুসরণসাধ্যতার মানের বিবরণ (৩ নং অংশের জন্য);

৭. ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ প্যাকেজিং (IIP) থেকে প্যাকিংয়ের উপাদানের পরীক্ষামূলক শংসাপত্র (৩ নং অংশের জন্য)।

উপরিল্লিখিত নথিপত্র এবং আবেদনের সমর্থনে প্রয়োজনীয় অন্য কোনও অতিরিক্ত নথিপত্রের, যদি থাকে, যা চাওয়া হতে পারে, যুক্তির ভিত্তিতে, কাজ সম্পাদনের জন্য বোর্ড নীতিগতভাবে অনুমোদন দেবেন। অবশ্য, ক্যুরিয়ার/এয়ার ফ্রেট চার্জ মেটানোর জন্য কোনও পূর্ব অনুমোদনের প্রয়োজন নেই।

*পরিদর্শন / যাচাই করা*

কাজ শেষ হবার পর, আবেদনকারী বোর্ডের কাছে নিম্নলিখিত নথিপত্র জমা দিতে পারেন ঃ

১. মুদ্রিত বিষয়াবলী/পুস্তিকা/সিডি/ভিডিও ফিল্ম/উন্নতমানের মোড়ক ইত্যাদির সর্বশেষ ও চূড়ান্ত সংস্করণ (দুই কপি করে);

২. বিল, ভাউচার, রসিদের কপি (স্ব-প্রত্যয়িত);

৩. পেমেন্ট বা ব্যয়ের প্রমাণস্বরূপ নথিপত্র;

৪. চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট দ্বারা শংসিত ব্যয় সংক্রান্ত বিবৃতি;

৫. যোগ্য আর্থিক অনুদানের পরিমাণের জন্য প্রি-স্ট্যাম্পড্ রসিদ।

উপরোক্ত কার্যাবলীর জন্য দাবি প্রাপ্তির পর এবং সন্তোষজনকভাবে কার্যাবলী শেষ হবার পর, বোর্ড রপ্তানিকারককে যোগ্য পরিমাণের অনুদানের বিষয়টি বিবেচনা করবেন।

*অনুদান প্রদান*

কার্যাবলী সম্পূর্ণ হবার পর এবং যাচাইয়ের প্রতিবেদনের ভিত্তিতে, বোর্ড রপ্তানিকারককে বা মনোনীত এজেন্সি/প্রতিষ্ঠানকে যোগ্য অনুদান প্রদান করতে পারেন। ক্যুরিয়ার/এয়ার ফ্রেট চার্জের ক্ষেত্রে, রপ্তানিকারকরা ত্রৈমাসিক ভিত্তিতে ব্যয়পূরণের জন্য দাবি জানাতে পারেন এবং আর্থিক বছরের শেষ ত্রৈমাসিকের কাজকর্ম সম্পর্কিত বিল ২০ মার্চের মধ্যে অবশ্যই জমা করতে হবে।

স্পাইসেস বোর্ড
শিল্প ও বাণিজ্য মন্ত্রক
ভারত সরকার
সুগন্ধ ভবন
কোচিন ৬৮২ ০২৫

ফোন ঃ 91-484-2333610-2333616, 2347965
ফ্যাক্স ঃ 91-484-2331429, 2334429
ই-মেল ঃ ১) spicesboard@vsnl.com
২) dmspicesboard@gmail.com
ওয়েবসাইট ঃ http://www.indianspices.com

## মশলার রপ্তানি ব্যবস্থার উন্নয়ন ও প্রচার – "ট্রেড প্রোমোশন"

### নিম্নলিখিতগুলির জন্য আর্থিক সহায়তা প্রাপ্তির আবেদনপত্র

(অনুগ্রহ করে ✓ দিন)

(ক) বিদেশে ব্যবসায়িক নমুনা পাঠানো ☐ (খ) প্রচারমূলক বিষয়াবলী/পুস্তিকা মুদ্রণ ☐

(গ) মোড়কের উন্নতিসাধন ও বার কোডিং ☐

পার্ট ১ (সাধারণ তথ্যাবলী)

| | | |
|---|---|---|
| ১ | রপ্তানিকারকের নাম | |
| ২ | যোগাযোগের বিবরণ সহ পুরো ঠিকানা | পিন ঃ<br>ফোন (STD কোড সহ) ঃ<br>ফ্যাক্স (STD কোড সহ)<br>ই-মেল আইডি ঃ<br>যোগাযোগের ব্যক্তি ঃ |
| ৩ | উৎপাদন কেন্দ্রের/কেন্দ্রগুলির অবস্থান ও ঠিকানা | ফোন (STD কোড সহ) ঃ<br>ফ্যাক্স (STD কোড সহ) ঃ<br>ই-মেল আইডি ঃ |
| ৪ | মশলার রপ্তানিকারক হিসেবে বোর্ড থেকে প্রাপ্ত সার্টিফিকেট অফ রেজিস্ট্রেশন (পঞ্জীকরণের শংসাপত্র) | নং তারিখ<br>বৈধতার তারিখ ঃ |
| ৫ | রপ্তানিকারকের শ্রেণী | ম্যানুফ্যাকচারার এক্সপোর্টার/উত্তর-পূর্বাঞ্চলে ইউনিট/পাহাড়ি/দুর্গম এলাকায় ইউনিট/অর্গানিক ফার্মার/কো-অপারেটিভ সোসাইটি/উৎপাদক কোম্পানি/সরকারি সহায়তাপ্রাপ্ত সংগঠন |
| ৬ | অনুদান ই-ট্রান্সফারের জন্য প্রয়োজনীয় বিবরণ ঃ<br>ক) ব্যাঙ্কের নাম<br>খ) শাখার নাম<br>গ) অ্যাকাউন্টের ধরন<br>ঘ) অ্যাকাউন্ট নম্বর<br>ঙ) IFS কোড নম্বর | |

| | | |
|---|---|---|
| ৭ | রপ্তানির মুখ্য বিষয় | |
| ৮ | বিগত ৩ বছরে রপ্তানি করা মশলার বিবরণ | বছর পরিমাণ (মে.টন) মূল্য (লাখ টাকায়) |
| ৯ | পরিকল্পনার মেয়াদে বিভিন্ন প্রকল্পের অধীনে স্পাইসেস বোর্ড থেকে ইতিমধ্যে প্রাপ্ত সহায়তার বিবরণ | স্কিম বছর পরিমাণ (লাখ টাকায়) |
| ১০ | ইতিমধ্যে করা বিনিয়োগের বিবরণ | জমি ঃ .................... টাকা<br>বিল্ডিং ঃ .................... টাকা<br>মেশিনারি ঃ .................... টাকা<br>গুণমান পরীক্ষার সুবিধা ঃ .................... টাকা<br>গুণমানের শংসায়ন ঃ .................... টাকা<br>অন্যান্য (উল্লেখ করুন) ঃ .................... টাকা<br>মোট ঃ .................... টাকা |

**পার্ট ২ (বিদেশে ব্যবসায়িক নমুনা পাঠানোর জন্য)**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | প্রদত্ত সারণী অনুযায়ী প্রাসঙ্গিক বিবরণ উল্লেখ করে ক্যুরিয়ারে পাঠানো মশলা/মশলাজাত পণ্যদ্রব্যের নাম (যদি প্রয়োজন হয়, পৃথক শিট সংলগ্ন করুন) | বিষয় | পরিমাণ/ কেজি | গন্তব্যস্থল | ওয়ে বিল/ ডকু. নং | POD-র তারিখ | অর্জিত পরিমাণ (টাকা) |
| | | | | | | | |
| ২ | চলতি ত্রৈমাসিকে দাবির পরিমাণ | | | | | | |
| ৩ | স্কিমের এই অংশের অধীনে পূর্ববর্তী ত্রৈমাসিকে ইতিমধ্যে দাবি করা পরিমাণ | ১ ত্রৈমাসিক<br>.......... টাকা | | ২য় ত্রৈমাসিক<br>.......... টাকা | | ৩য় ত্রৈমাসিক<br>.......... টাকা | |
| ৪ | সংলগ্ন নথিপত্রের তালিকা | ১.<br>২.<br>৩.<br>৪. | | | | | |

পার্ট ৩ (প্রচারমূলক বিষয়াবলী/পুস্তিকা মুদ্রণের জন্য)

| | | |
|---|---|---|
| ১ | এই স্কিমে সহায়তা পেতে যোগ্যতা অর্জনের জন্য সুবিধাভোগী যে শ্রেণীতে পড়েন (যেখানে প্রযোজ্য টিক্ চিহ্ন দিন) | ক) স্পাইস হাউস সার্টিফিকেট/লোগো-ধারী<br>খ) অর্গানিক সার্টিফিকেট-ধারী<br>গ) স্পাইসেস বোর্ডের পঞ্জীকৃত ব্র্যান্ড<br>ঘ) নতুন রপ্তানিকারক |
| ২ | মুদ্রণের বিবরণ<br>ক) পরামর্শদাতার নাম<br>খ) কাজটি যে সংস্থাকে দেওয়া হবে তার নাম<br>গ) কাগজ/মুদ্রণ/ভিডিও ফিল্ম/সিডি-র কারিগরী বিবরণ | |
| ৩ | প্রস্তাবিত ব্যয় (টাকা) ঃ<br>ক) পরামর্শমূলক খাতে ব্যয় | |
| | খ) কাগজ বাবদ ব্যয় | |
| | গ) মুদ্রণজনিত ব্যয় | |
| | ঘ) প্রস্তুতকরণের ব্যয় | |
| | ঙ) মোট ব্যয় | |
| ৪ | যে উদ্দেশে বিষয়াবলী/পুস্তিকা মুদ্রিত হয়েছে/সিডি/ফিল্ম তৈরি করা হয়েছে | |
| ৫ | আর্থিক উৎস | |
| ৬ | বিষয়াবলী/পুস্তিকা মুদ্রণ শেষ হবার প্রত্যাশিত সময় | |
| ৭ | সংলগ্ন নথিপত্রের বিবরণ | |

পার্ট ৪ (মোড়কের উন্নতিসাধন এবং বার কোডিংয়ের জন্য)

| | | |
|---|---|---|
| ১ | স্পাইসেস বোর্ডে ব্র্যান্ড পঞ্জীকরণের বিবরণ<br>ক) ব্র্যান্ডের নাম<br>খ) পণ্য<br>গ) পঞ্জীকরণের তারিখ | |
| ২ | যে কার্যাবলীর জন্য সহায়তা চাওয়া হচ্ছে | |
| ৩ | কার্যাবলী খাতে ব্যয় (টাকা) | |
| ৪ | মোড়কের উন্নতিসাধন, বার কোডিং এবং অনুসাণসাধ্যতার মানের ক্ষেত্রে, প্রতিটি কার্যাবলীর জন্য পৃথকভাবে খরচ উল্লেখ করতে হবে ঃ | |
| | ক) | |
| | খ) | |
| | গ) | |
| ৫ | আর্থিক উৎস | |
| ৬ | প্রস্তাবিত কার্যাবলী শেষ করার প্রত্যাশিত তারিখ | |
| ৭ | সংলগ্ন নথিপত্রের বিবরণ | |

# ঘোষণাপত্র

আমি/আমরা এতদ্বারা ঘোষণা করছি যে উপরোক্ত বিবরণ আমার/আমাদের জ্ঞান ও বিশ্বাসমতে সত্য এবং সঠিক। আমি/আমরা এতদ্বারা ঘোষণা করছি যে ট্রেড প্রোমোশন কার্যাবলীর, যেমন **(১) বিদেশে ব্যবসায়িক নমুনা পাঠানো, (২) প্রচারমূলক বিষয়াবলী/পুস্তিকা মুদ্রণ, (৩) মোড়কের উন্নতিসাধন ও বার কোডিংয়ের পঞ্জীকরণ**-এর অধীনে প্রকল্পটি ভালভাবে পড়েছি ও বুঝেছি এবং সেখানে উল্লেখিত নিয়ম ও শর্তাবলী এবং পরবর্তী কোনও পরিবর্তন, যদি থাকে, মানতে রাজি আছি। আমি/আমরা নির্ধারিত সময়সীমার মধ্যে প্রকল্পের কাজ সম্পূর্ণ করতে রাজি আছি। আমি/আমরা এটাও ভালভাবে বুঝেছি যে উল্লেখিত কোনও তথ্য সঠিক না হলে, যে কোনও সময়, আমার/আমাদের বিরুদ্ধে যথাযথ আইনি ব্যবস্থা অবলম্বন করার এবং ভবিষ্যতে বোর্ড থেকে কোনওরকম সহায়তা প্রাপ্তি রদ করার অধিকার বোর্ডের থাকবে। যদি দোষী সাব্যস্ত হই, আমি/আমরা, দাবিক্রমে স্পাইসেস বোর্ড দ্বারা নির্ধারিত হারে সুদ সমেত, এই আবেদনের ভিত্তিতে প্রাপ্ত সহায়তার সম্পূর্ণ পরিমাণ স্পাইসেস বোর্ডকে পরিশোধ করার অঙ্গীকার করছি।

স্থান ঃ

স্বাক্ষর

তারিখ ঃ

অনুমোদিত স্বাক্ষরকারীর
নাম ও পদমর্যাদা

# মশলা রপ্তানি ব্যবস্থার উন্নতিসাধন ও বিকাশ –
## "উত্তর-পূর্বাঞ্চলে মশলা প্রক্রিয়াকরণ"

### নির্দেশিকা / কর্মপদ্ধতি

ঘরোয়া এবং আন্তর্জাতিক বাজারে পণ্যের সম্ভাব্য মূল্যায়ন সহ উৎপাদন সামগ্রীর সুসংগঠিত বিপণনের জন্য মশলা প্রক্রিয়াকরণের প্রাথমিক সুবিধাদি তৈরিতে উত্তর-পূর্বাঞ্চল ও পাহাড়ি রাজ্যগুলিতে স্পাইস গ্রোয়ারস্ কো-অপারেটিভ, ফার্মার'স অ্যাসোসিয়েশন, মশলা উৎপাদকদের প্রতিনিধিত্বকারী এনজিও, ব্যক্তিগত উদ্যোগীদের আর্থিক সহায়তা দেওয়ার প্রস্তাব এই স্কিমে রয়েছে। এই স্কিমে, নিম্ন থেকে মাঝারি মাপের ব্যবসায়ীদের যাঁদের পণ্য বিক্রি কম হয় ও একটা বড় অংশ অপচয় হয়, তাঁদের জন্য সব ধরনের প্রাথমিক প্রক্রিয়াকরণ সুবিধাদির ওপর জোর দেওয়া হয়ে থাকে, যার জন্য খুব একটা বড় অঙ্কের বিনিয়োগের প্রয়োজন হয় না।

*যোগ্যতাবলী*

উত্তর-পূর্বাঞ্চল ও পাহাড়ি রাজ্যগুলিতে স্পাইস গ্রোয়ারস্ কো-অপারেটিভ, ফার্মার'স অ্যাসোসিয়েশন, মশলা উৎপাদকদের প্রতিনিধিত্বকারী এনজিও, ব্যক্তিগত উদ্যোগীগণ সহায়তা পাওয়ার যোগ্য।

*সহায়তার মাত্রা*

পরিকল্পনার মেয়াদকালীন সময়ে, প্রত্যেক সুবিধাভোগীর জন্য সর্বোচ্চ ২৫.০০ লাখ টাকা সাপেক্ষে প্রক্রিয়াকরণের সব ধরনের প্রাথমিক সুবিধাদির ব্যয়ের ৩৩% পর্যন্ত সহায়ক অনুদান দেওয়া হবে। কৃষক গোষ্ঠীর ক্ষেত্রে, প্রত্যেক সুবিধাভোগীর জন্য সর্বোচ্চ ৩৫.০০ লাখ টাকা সাপেক্ষে প্রক্রিয়াকরণের সব ধরনের প্রাথমিক সুবিধাদির ব্যয়ের ৫০% পর্যন্ত সহায়ক অনুদান দেওয়া হবে।

*রপ্তানি সংক্রান্ত বাধ্যবাধকতা*

প্রক্রিয়াকরণের কাজ শেষ হবার তারিখ থেকে **পাঁচ বছরের** মধ্যে মশলা ও মশলাজাত পণ্য রপ্তানির দ্বারা **পাঁচ গুণেরও** বেশি সহায়তা প্রাপ্তির প্রেক্ষিতে সুবিধাভোগীদের রপ্তানি সংক্রান্ত বাধ্যবাধকতা পূরণ করতে হবে।

রপ্তানি সংক্রান্ত বাধ্যবাধকতা দূর করার জন্য, রপ্তানির জন্য সুবিধাভোগীর দ্বারা অন্য রপ্তানিকারককে সরবরাহ তথা সুবিধাভোগীর দ্বারা সরাসরি রপ্তানি সম্পর্কিত শর্ত (ডিমড্ এক্সপোর্ট) বিবেচনা করা হবে।

*সহায়তার জন্য আবেদন*

যোগ্য আবেদনকারীগণ নির্ধারিত বয়ানে বোর্ডের কাছে আবেদন জানাতে পারেন এবং প্রকল্প রূপায়ণের আগে তাঁদের প্রস্তাবের নীতিগতভাবে অনুমোদন পেতে পারেন।

১. নির্ধারিত বয়ানে দুই প্রস্থে আবেদনপত্র;

২. আর্থিক প্রতিষ্ঠান/চার্টার্ড ইঞ্জিনিয়ার বা অন্য কোনও উপযুক্ত কারিগরী সংগঠন দ্বারা মূল্যায়ন করা প্রকল্পের বিবরণ;

৩. প্রস্তাবিত স্থাপনযোগ্য যন্ত্রপাতির তালিকা;

৪. ন্যূনতম দুটি পার্টি থেকে নেওয়া মেশিনারির/যন্ত্রপাতির জন্য কোটেশনের কপি।

সহায়ক অনুদান দেওয়ার উদ্দেশে প্রকল্প ব্যয় হিসাব করতে, সহায়ক অনুদানের জন্য আবেদনের তারিখের পর প্রক্রিয়াকরণের সুবিধাদি/যন্ত্রপাতি স্থাপন সম্পর্কিত ব্যয়ের দাবি বিবেচনা করা হবে। প্রক্রিয়াকরণের সুবিধাদি/যন্ত্রপাতি স্থাপনের জন্য সমস্ত পেমেন্ট করা হবে ক্রসড্ চেক্/ ডিমান্ড ড্রাফ্টের মাধ্যমে, যা ব্যাঙ্ক স্টেটমেন্টে দেখা যাবে। প্রকল্প সম্পর্কিত অন্যান্য খুচরো ব্যয়ের জন্য ৩৫,০০০ টাকা পর্যন্ত নগদে দেওয়া হবে।

*পরিদর্শন*

প্রকল্প/স্থাপন-এর কাজ শেষ হবার পর সুবিধাভোগীকে বোর্ডের কাছে নিম্নলিখিত নথিপত্র জমা দিতে হবে ঃ

১. কমপ্লিশন রিপোর্ট (কাজ সম্পূর্ণকরণের প্রতিবেদন);

২. বিল/ভাউচার/রসিদ-এর কপি (স্ব-প্রত্যয়িত);

৩. চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট দ্বারা শংসিত ব্যয় সংক্রান্ত বিবৃতি;

৪. প্রকল্পের জন্য কার্যাবলী/নির্দিষ্ট অংশের জন্য দেওয়া পেমেন্টের বিবরণ উল্লেখ করা ব্যাঙ্ক স্টেটমেন্ট অথবা প্রকল্পের কাজের জন্য ব্যয় সম্পর্কিত ডিমান্ড ড্রাফ্টের কপি।

প্রকল্পের কাজ শেষ করে দাবি জমার পর, যন্ত্রপাতি/মেশিনারি স্থাপন করা হয়েছে কিনা তা দেখতে বোর্ড বাস্তবে ইউনিটটি পরিদর্শন করবেন। পরিদর্শনের টিমে বোর্ডের থেকে একজন অফিসার পদমর্যাদার ব্যক্তি এবং শিল্প দপ্তর/ইআইএ/আগমার্ক বা অন্য কোনও সরকারি এজেন্সির একজন স্থানীয় প্রতিনিধি থাকবেন।

*অনুদান প্রদান*

সন্তোষজনকভাবে প্রকল্পের কাজ শেষ হবার পর এবং পরিদর্শন টিমের সুপারিশের ভিত্তিতে, বোর্ড রপ্তানিকারককে অথবা মনোনীত এজেন্সি/প্রতিষ্ঠানকে সহায়ক অনুদান অনুমোদন করতে পারেন। রপ্তানি সংক্রান্ত বাধ্যবাধকতা দূর করার জন্য সুবিধাভোগীর দ্বারা চুক্তি সম্পাদনের পর এক থোকে সহায়তা প্রদান করা হবে।

স্পাইসেস বোর্ড
শিল্প ও বাণিজ্য মন্ত্রক
ভারত সরকার
সুগন্ধ ভবন
কোচিন ৬৮২ ০২৫

ফোন ঃ 91-484-2333610-2333616, 2347965
ফ্যাক্স ঃ 91-484-2331429, 2334429
ই-মেল ঃ ১) spicesboard@vsnl.com
২) dmspicesboard@gmail.com
ওয়েবসাইট ঃ http://www.indianspices.com

## মশলার রপ্তানি ব্যবস্থার উন্নয়ন ও প্রচার – "উত্তর-পূর্বাঞ্চলে মশলার প্রক্রিয়াকরণ"

### আর্থিক সহায়তা প্রাপ্তির জন্য আবেদনপত্র

পার্ট ১ (সাধারণ তথ্যাবলী)

| | | |
|---|---|---|
| ১ | রপ্তানিকারকের নাম | |
| ২ | যোগাযোগের বিবরণ সহ পুরো ঠিকানা | পিন ঃ<br>ফোন (STD কোড সহ) ঃ<br>ফ্যাক্স (STD কোড সহ)<br>ই-মেল আইডি ঃ<br>যোগাযোগের ব্যক্তি ঃ |
| ৩ | উৎপাদন কেন্দ্রের/কেন্দ্রগুলির অবস্থান ও ঠিকানা | ফোন (STD কোড সহ) ঃ<br>ফ্যাক্স (STD কোড সহ) ঃ<br>ই-মেল আইডি ঃ |
| ৪ | মশলার রপ্তানিকারক হিসেবে বোর্ড থেকে প্রাপ্ত সার্টিফিকেট অফ রেজিস্ট্রেশন | নং তারিখ<br>বৈধতার তারিখ ঃ |

| | | |
|---|---|---|
| ৫ | রপ্তানিকারকের শ্রেণী | ম্যানুফ্যাকচারার এক্সপোর্টার / উত্তর পূর্বাঞ্চলে ইউনিট/ পাহাড়ি/দুর্গম এলাকায় ইউনিট/অর্গানিক ফার্মার/ কো-অপারেটিভ সোসাইটি/উৎপাদক কোম্পানি/ সরকারি সাহায্যপ্রাপ্ত সংগঠন |
| ৬ | অনুদান ই-ট্রান্সফারের জন্য প্রয়োজনীয় বিবরণ ঃ<br>ক) ব্যাঙ্কের নাম | |
| | খ) শাখার নাম | |
| | গ) অ্যাকাউন্টের ধরন | |
| | ঘ) অ্যাকাউন্ট নম্বর | |
| | ঙ) IFS কোড নম্বর | |
| ৭ | পরিকল্পনার মেয়াদকালীন সময়ে বিভিন্ন প্রকল্পের অধীনে স্পাইসেস বোর্ড থেকে ইতিমধ্যে প্রাপ্ত সহায়তার বিবরণ, যদি থাকে | <u>প্রকল্প</u> <u>বছর</u> <u>পরিমাণ (লাখ টাকায়)</u> |
| ৮ | ইতিমধ্যে করা বিনিয়োগের বিবরণ | জমি ঃ টাকা<br>বিল্ডিং ঃ টাকা<br>মেশিনারি ঃ টাকা<br>গুণমান পরীক্ষার সুবিধা ঃ টাকা<br>গুণমানের শংসায়ন ঃ টাকা<br>অন্যান্য (উল্লেখ করুন) ঃ টাকা<br>মোট ঃ টাকা |

পার্ট ২ (মশলা প্রক্রিয়াকরণের জন্য)

| | | |
|---|---|---|
| ১ | প্রস্তাবিত গ্রহণযোগ্য কার্যাবলীর বিবরণ এবং তার মূল কার্যকারিতা | |
| ২ | প্রস্তাবিত স্থাপনযোগ্য যন্ত্রপাতির বিবরণ উল্লেখ করুন | |
| ৩ | মেশিনারি/প্রযুক্তি বাইরে থেকে আমদানি করা হয়েছে নাকি দেশীয় কোনও উৎস থেকে সংগৃহীত হয়েছে | |
| ৪ | প্রকল্প ব্যয় (লাখ টাকায়) | পরামর্শমূলক খাতে ঃ ...................... টাকা<br>মেশিনারিবাবদ ঃ ...................... টাকা<br>জমি ও বিল্ডিং ঃ ...................... টাকা<br>অন্যান্য ঃ ...................... টাকা<br>মোট ঃ ...................... টাকা |
| ৫ | আর্থিক উৎস | |
| ৬ | ফিনিশড্ প্রোডাক্টের বার্ষিক উৎপাদন ক্ষমতা | বর্তমান ইউনিট ঃ ................. প্রতিদিন মে.টন<br>প্রকল্প শেষ হবার পর ঃ ................. প্রতিদিন মে.টন |
| ৭ | এই প্রকল্প কীভাবে আপনার রপ্তানি উদ্যোগকে সাহায্য করবে উল্লেখ করুন<br>(যদি প্রয়োজন হয়, অতিরিক্ত পৃষ্ঠা ব্যবহার করতে পারেন) | |
| ৮ | প্রকল্প শেষ করার প্রত্যাশিত তারিখ | |
| ৯ | প্রকল্প শেষ হবার পর পাঁচ বছরে রপ্তানির অনুমিত পরিমাণ | বছর পরিমাণ (মে.টন) মূল্য (লাখ টাকায়) |

<u>ঘোষণাপত্র</u>

আমি/আমরা এতদ্বারা ঘোষণা করছি যে উপরোক্ত বিবরণ আমার/আমাদের জ্ঞান ও বিশ্বাসমতে সত্য এবং সঠিক। আমি/আমরা এতদ্বারা ঘোষণা করছি যে **মশলা প্রক্রিয়াকরণের জন্য সহায়ক অনুদান**-এর অধীনে প্রকল্পটি ভালভাবে পড়েছি ও বুঝেছি এবং সেখানে উল্লেখিত নিয়ম ও শর্তাবলী এবং পরবর্তী কোনও পরিবর্তন, যদি থাকে, মানতে রাজি আছি। বোর্ডের থেকে অনুমোদন পাওয়ার পর আমি/আমরা নির্ধারিত সময়সীমার মধ্যে প্রকল্পের কাজ সম্পূর্ণ করতে রাজি আছি। এই প্রকল্পের অধীনে প্রয়োজনমতো রপ্তানি সংক্রান্ত বাধ্যবাধকতা পূরণের অঙ্গীকার করছি। আমি/আমরা এটাও ভালভাবে বুঝেছি যে উল্লেখিত কোনও তথ্য সঠিক না হলে, যে কোনও সময়, আমার/আমাদের বিরুদ্ধে যথাযথ আইনি ব্যবস্থা অবলম্বন করার এবং ভবিষ্যতে বোর্ড থেকে কোনওরকম সহায়তা প্রাপ্তি রদ করার অধিকার বোর্ডের থাকবে। যদি দোষী সাব্যস্ত হই, আমি/আমরা, দাবিক্রমে স্পাইসেস বোর্ড দ্বারা নির্ধারিত হারে সুদ সমেত, এই আবেদনের ভিত্তিতে প্রাপ্ত সহায়তার সম্পূর্ণ পরিমাণ স্পাইসেস বোর্ডকে পরিশোধ করার অঙ্গীকার করছি।

স্থান ঃ

স্বাক্ষর

তারিখ ঃ

অনুমোদিত স্বাক্ষরকারীর
নাম ও পদমর্যাদা

# মশলা রপ্তানি ব্যবস্থার উন্নতিসাধন ও বিকাশ –
## "পণ্যের উন্নয়ন এবং গবেষণা"

**নির্দেশিকা/কর্মপদ্ধতি**

এই প্রকল্পের অধীনে, পণ্যের উন্নয়ন ও গবেষণার কাজ করতে রপ্তানিকারক/গবেষণা সংস্থাগুলিকে আর্থিক সহায়তা প্রদানের প্রস্তাব করা হয়েছে। সহায়তার মুখ্য ক্ষেত্রগুলি নিচে উল্লেখ করা হল ঃ–

❖ নতুন মশলাজাত পণ্যের উন্নয়নের জন্য অথবা প্রচলিত ও অ-প্রচলিত মূল্য নির্ধারণের জন্য জাতীয় বা আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠানের পরিষেবা কাজে লাগানো।

❖ পর্যাপ্ত পরিকাঠামোগত সুবিধাদি আছে এরূপ সংস্থার দ্বারা অভ্যন্তরীণ গবেষণামূলক কার্যাবলী।

❖ নামী তৃতীয় পক্ষের মাধ্যমে মশলার থেরাপিউটিক প্রপার্টিজ (therapeutic properties) অন্তর্ভুক্ত করতে এবং বৈধ করতে চিকিৎসাগত পরীক্ষা-নিরীক্ষা।

❖ উপভোক্তা দেশগুলিতে উৎপাদিত পণ্যের পেটেন্ট নেওয়া এবং পণ্য রেজিস্ট্রেশন করা।

স্পাইসেস বোর্ড আবেদনপত্র পরীক্ষা করবেন এবং প্রস্তাবনাটিতে সন্তুষ্ট হলে, বোর্ড নিয়মনীতির নিরিখে প্রকল্পটির যোগ্যতার ভিত্তিতে অনুমোদন দিতে পারেন।

*যোগ্যতাবলী*

সকল পঞ্জীকৃত রপ্তানিকারক এবং স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠান।

